

# **া** সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪২৬১

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/৩১. মৃত্যুকে স্মরণ এবং তার প্রস্তুতি

بَابِ ذِكْرِ الْمَوْتِ وَالِاسْتِعْدَادِ لَهُ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْحَكَمِ بْنِ أَبِي زِيَادٍ، حَدَّثَنَا سَيَّارٌ، حَدَّثَنَا جَعْفَرٌ، عَنْ ثَابِتٍ، عَنْ أَنسٍ، عَنْ أَنسٍ، عَنْ أَنسٍ، عَنْ أَنسٍ، عَنْ أَنسٍ، عَنْ النَّبِيَّ - صلى الله عليه وسلم - دَخَلَ عَلَى شَابٍ وَهُوَ فِي الْمَوْتِ فَقَالَ : "كَيْفَ تَجِدُكَ " . قَالَ : أَرْجُو اللَّهَ يَا رَسُولَ اللَّهِ وَأَخَافُ ذُنُوبِي . فَقَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - : " لاَ يَجْتَمِعَانِ فِي قَلْبِ عَبْدٍ فِي مِثْلِ هَذَا الْمَوْطِنِ إِلاَّ أَعْطَاهُ اللَّهُ مَا يَرْجُو وَآمَنَهُ مِمَّا يَخَافُ " .

#### বাংলা

8/৪২৬১। আনাস (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক মুমূর্যু যুবকের নিকট উপস্থিত হয়ে জিজ্ঞেস করেনঃ তোমার কেমন লাগছে? সে বললো, হে আল্লাহর রাসূল! আমি আমার গুনাহ সম্পর্কে আল্লাহর কাছে (ক্ষমার) আশাবাদী ও ভীত-শংকিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এ দু'টি জিনিস (আশা ও শংকা) যে বান্দার অন্তরেই একত্র হয়, সে যা আশা করে, আল্লাহু তাকে তা দান করবেন এবং সে যা আশংকা করে তা থেকে তাকে নিরাপদ রাখবেন।

## **English**

It was narrated from Anas that the Prophet (ﷺ) entered upon a young man who was dying and said:

"How do you feel?" He said: "I have hope in Allah, O Messenger of Allah, but I fear my sins." The Messenger of Allah () said: "These two things (hope and fear) do not coexist in the heart of a person in a situation like this, but Allah will give him that which he hopes for and keep him safe from that which he fears."



### ফুটনোট

তিরমিয়ী ৭৮৩, আহকামুল জানাইয় ৩, মিশকাত ১৬১২, সহীহাহ ১০৫১। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. সায়্যার সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। আলী ইবনুল মাদীনী তাকে দুর্বল বলেছেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, আমি তার থেকে কখনো হাদিস গ্রহন করিনি। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৬৬৬, ১২/৩০৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন